গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
আইসিটি শাখা

জেলা আইসিটি বিষয়ক কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

---

| | |
|---|---|
| সভাপতি | মুছাম্মৎ শাহীনা আক্তার<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ০৫.০৩.২০২৪খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১০.৩০ টা |
| স্থান | জেলা প্রশাসক, ফেনী এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভার প্রারম্ভে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি জেলা আইসিটি বিষয়ক কমিটির মাসিক সভায় সরকারের বিভিন্ন কার্যক্রমের সাফল্যের কথা তুলে ধরেন।

| জেলা আইসিটি বিষয়ক কমিটির মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি: | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ক্রম | সভার নাম | সভার তারিখ | গৃহীত সিদ্ধান্তের সংখ্যা | গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা | সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার | মন্তব্য |
| ০১ | জেলা আইসিটি বিষয়ক কমিটির মাসিক সভা | ০৫-০২-২০২৪ | ২১ টি | ২১ টি | ১০০% | |

| ক্রম | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ০১ | ই/ডি-ফাইল (নথি) এর কার্যক্রম সংক্রান্ত: সভায় সভাপতি, বি ক্যাটাগরীর জেলাসমূহের মধ্যে ফেনী জেলার ই/ডি-নথির কার্যক্রম ১ম সারির অবস্থানে আনার জন্য জেলার সকল দপ্তর, উপজেলা ও শাখা ভিত্তিক ই/ডি-নথির কার্যক্রম জোরদার করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পত্র গ্রহণ করে তা দ্রুত ই/ডি-ফাইল (নথি) এর মাধ্যমে সকল পত্র উপস্থাপন করে নিষ্পত্তি করতে হবে। | ১। নথি ব্যবস্থাপনার মাধ্যমে অফিসের কার্যক্রম বাধ্যতামূলক সম্পাদনের লক্ষ্যে সকল নথি এন্ট্রি করতে হবে। পত্র জারী বৃদ্ধিসহ নোট নিষ্পত্তি করতে হবে। এ সংক্রান্ত তথ্য প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে আইসিটি শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২। একজন কর্মকর্তা একাধিক পদে থাকলে সকল পদে লগইন করতে হবে। যাদের ই/ডি-নথির আইডি নেই তারা প্রোগ্রামারের সাথে যোগাযোগ করে আইডি খুলে নিবেন। | সিনিয়র সহকারী কমিশনার ও সহকারী কমিশনার (সকল), ফেনী<br><br>প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর জেলা কার্যালয়, ফেনী<br><br>সহকারী প্রোগ্রামার (সকল)<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর উপজেলা কার্যালয়, ফেনী<br><br>ই/ডি-নথি আইডিসহ জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিসের কর্মকর্তা/ কর্মচারীগণ |

| | | | |
|---|---|---|---|
| ০২ | ওয়েব পোর্টাল হালনাগাদকরণ সংক্রান্ত: সভায় জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে স্ব-স্ব দপ্তরের ওয়েবসাইটসমূহের কনটেন্ট নিয়মিত (ওয়েব পোর্টাল) হালনাগাদকরণের বিষয় বিস্তারিত আলোচনা করা হয়। জনগণ যাতে সঠিক তথ্য ওয়েব পোর্টাল হতে সংগ্রহ করতে পারে সে লক্ষ্যে জেলা ও উপজেলার সকল অফিসের ওয়েব পোর্টালের বিভিন্ন তথ্য ও লিংক সঠিকভাবে হালনাগাদ নিশ্চিত করার জন্য প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা ও উপজেলা কার্যালয়, ফেনীকে অনুরোধ করা হয়। | ১। জনগন যাতে অনলাইনে দ্রুত সেবা পায় সে লক্ষ্যে স্ব-স্ব দপ্তরসহ আওতাধীন সকল দপ্তরের ওয়েবসাইটসমূহের কনটেন্ট নিয়মিত হালনাগাদকরণ নিশ্চিত করতে হবে। এ সংক্রান্ত তথ্য প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে আইসিটি শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২। প্রত্যেক দপ্তর যেন তাদের তথ্য নিয়মিত হালনাগাদ করে সে বিষয়ে সজাগ থাকতে হবে। পোর্টালের নোটিশ ও খবর, জনপ্রতিনিধি, কর্মকর্তা, কর্মচারীদের ছবি, মোবাইল নম্বর, ইমেইল আইডিসহ তালিকা হালনাগাদ করার জন্য শাখা কর্মকর্তা ও কর্মচারীদের প্রয়োজনীয় তথ্যের সফট কপি প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামার এর নিকট প্রেরণ করতে হবে।<br>৩। জেলা, উপজেলা ও ইউনিয়নসমূহে ওয়েব পোর্টাল কার্যক্রম নিয়মিত হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, ফেনী মহোদয়ের অনুমতিক্রমে প্রয়োজনে জুমে (অনলাইন) প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন। উপজেলা পর্যায়ে সকল দপ্তরের ওয়েব পোর্টাল এবং সকল ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল | উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফেনী<br>জেলার সংশ্লিস্ট অফিস প্রধান<br><br>সহকারী কমিশনার, আইসিটি শাখা<br><br>প্রোগ্রামার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি<br>অধিদপ্তর জেলা কার্যালয়, ফেনী<br><br>সহকারী প্রোগ্রামার (সকল)<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি<br>অধিদপ্তর উপজেলা কার্যালয়, ফেনী<br><br>মেয়র/চেয়ারম্যান (সকল),<br>পৌরসভা/ইউনিয়ন পরিষদ, ফেনী<br><br>উদ্যোক্তা (সকল)<br>পৌর/ইউনিয়ন ডিজিটাল সেন্টার ফেনী |

চলমান পাতা



| | | | |
|---|---|---|---|
| | | শতভাগ হালনাগাদ নিশ্চিত করতে হবে।<br>৪। অনলাইন ভিত্তিক মুক্তপাঠ প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করার বিষয়টি জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিতাব্য মাসিক সমন্বয় সভায় আলোচনা করার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | ইউডিসি সংক্রান্ত: সভায় ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ যেন তাদের আয় ও সেবা গ্রহীতাদের তথ্যসহ ওয়েব পোর্টালের তথ্য ই-সিস্টেমে নিয়মিত আপলোড করেন সেই বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। উদ্যোক্তাগণ পোর্টালে সকল তথ্য এবং আয়ের তথ্যাবলী নিয়মিতভাবে **(দিনের তথ্য দিনে)** আপলোডকরণ নিশ্চিত করবেন। ইউপি সচিব, চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারগণ ইউডিসি কার্যক্রম নিয়মিত তদারকি করবেন।<br>২। জনগনের দৌড়গড়ায় সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের সিদ্ধান্ত মোতাবেক ইউনিয়ন ও পৌরসভা পর্যায়ে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) ও পৌরসভা ডিজিটাল সেন্টার (পিডিসি) স্থাপনের মাধ্যমে কার্যক্রম পরিচালিত হচ্ছে। ফেনী জেলায় ৪৩টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) এবং ০৫টি পৌরসভা ডিজিটাল সেন্টারের (পিডিসি) অনুকূলে নির্বাচিত জনপ্রতিনিধিদের শপথ গ্রহণের পাশা-পাশি ০১জন পুরুষ ও ০১জন নারী উদ্যোক্তার ৫(পাঁচ)বছর মেয়াদী চুক্তিপত্রের কাজ সম্পন্ন করা হয়। চুক্তিপত্র ব্যাতিরেকে ভিন্ন লোক দ্বারা যেন কোন ডিজিটাল সেন্টার পরিচালিত না হয় সে দিকে লক্ষ্য রাখতে হবে। ডিজিটাল সেন্টারসমূহের আয়ের তথ্য Nikosh/ NikoshBn Font এ (হার্ড ও সফট কপি) প্রতি মাসের প্রথম ০৫ কার্যদিবসের মধ্যে এ কার্যালয়ের acict.feni84@gmail.com মেইলে দাখিল করতে হবে।<br>৩। উপজেলা নির্বাহী অফিসারগণ প্রতিমাসে কমপক্ষে ০৪ টি ইউডিসি পরিদর্শন করবেন। পরিদর্শন প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করবেন । | উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফেনী<br>প্রোগ্রামার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর জেলা কার্যালয়, ফেনী<br><br>সহকারী প্রোগ্রামার (সকল)<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর উপজেলা কার্যালয়, ফেনী<br><br>মেয়র/চেয়ারম্যান (সকল),<br>পৌরসভা/ইউনিয়ন পরিষদ, ফেনী<br><br>উদ্যোক্তা (সকল)<br>পৌর/ইউনিয়ন ডিজিটাল সেন্টার ফেনী |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | স্কুল অব ফিউচার, মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত: স্কুল অব ফিউচার, অনলাইন মাল্টিমিডিয়া ক্লাসরুম, শেখ রাসেল ডিজিটাল ল্যাবে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ সংক্রান্ত সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১। ২০২৪ শিক্ষা বর্ষের শুরুতেই শেখ রাসেল ডিজিটাল ল্যাব **(এসআরডিএল)** অধিকতর ব্যবহারের নিমিত্ত যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে রুটিন মোতাবেক গ্রুপ ভিত্তিক সকল শ্রেণীর শিক্ষার্থীদের পাঠদানের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে।<br><br>২। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুমের যথাযথ ব্যবহার হচ্ছে না সে বিষয়ে কার্যক্রম গ্রহণ করে প্রতিবেদন দাখিল করতে হবে। মাল্টিমিডিয়া ক্লাসরুমের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>৩। নীতিমালার আলোকে নিজ দায়িত্বে প্রতিষ্ঠান প্রধানগণকে শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহার, রক্ষণাবেক্ষণ এবং যন্ত্রপাতি সচল রাখতে হবে।<br>৪। জেলা শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা | উপজেলা নির্বাহী অফিসার(সকল) ফেনী<br>জেলা শিক্ষা অফিসার, ফেনী<br><br>প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর জেলা কার্যালয়, ফেনী<br>সহকারী প্রোগ্রামার (সকল) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর উপজেলা কার্যালয়, ফেনী<br>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ফেনী<br>উপজেলা শিক্ষা অফিসার (সকল), ফেনী |

চলমান পাতা

পাতা-৩

| | | | |
|---|---|---|---|
| | | মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে স্কুল অব ফিউচার, শেখ রাসেল ডিজিটাল ল্যাব, কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুমে অচল যন্ত্রপাতি সচল রাখার বিষয়ে প্রতিষ্ঠান প্রধানদের তাগিদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা ও উপজেলা কার্যালয়, ফেনী এ বিষয়ে প্রয়োজনে সহযোগিতা প্রদান করবেন এবং এসআরডিএল পরিদর্শন প্রতিবেদন এ কার্যালয়ে দাখিল করবেন । | |
| ০৫ | সোশ্যাল মিডিয়া সংক্রান্ত: সোশ্যাল মিডিয়া সংলাপে সরকারি নীতিমালা বা বিধিমালা অনুসরণ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১। সরকারি সকল কর্মকর্তা/কর্মচারী সোশ্যাল মিডিয়ায় সরকারি নীতিমালা বা বিধিমালা মোতাবেক সর্তকতা অবলম্বন করে তথ্য উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় প্রধান (সকল), ফেনী<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফেনী |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | মিডিয়া সেল: সরকারিভাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাধ্যমে জেলা মিডিয়া সেল চালু করা হয়েছে। সরকারি সকল উন্নয়ন কর্মকান্ড মিডিয়া সেল এর মাধ্যমে প্রচার করা হয়। | ১। সাংবাদিকবৃন্দ মিডিয়া সেল এর প্রচার কার্যক্রম দেখতে পারবেন। সরকারি বিভিন্ন বিভাগ তাদের সরকারি যে কোন প্রচারণা কাজের সহায়তার জন্য জেলা মিডিয়া সেল ব্যবহার করার সুযোগ পাবেন। | জেলা আইসিটি কমিটি ও সংশ্লিষ্ট বিভাগ (সকল) |
| ০৭ | সাইবার অপরাধ প্রতিরোধে শিক্ষার্থীদের নিয়ে সচেতনতামূলক সমাবেশ আয়োজনকরণ: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর ২০ সেপ্টেম্বর ২০২২ তারিখের ৫৬.০০.০০০০.০৫৪.১৮.০০২. ১৯.১৬৯ নং প্রজ্ঞাপন মূলে সাইবার অপরাধ প্রতিরোধে জেলা পর্যায়ে কমিটি গঠন করা হয়েছে এবং জেলা পর্যায়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এ সাইবার অপরাধ প্রতিরোধে কমপক্ষে ৫০০০ শিক্ষার্থীদের সচেতন করার লক্ষ্যে সমাবেশ আয়োজন করার বিষয়টি সূচক হিসেবে অন্তর্ভূক্ত করা হয়েছে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১। 'রূপকল্প-২০৪১' বাস্তবায়ন এবং 'স্মার্ট বাংলাদেশ' বিনির্মাণের লক্ষ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-২০২৩-২০২৪ সফল বাস্তবায়নের নিমিত্ত উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাদশ-দ্বাদশ এবং মাধ্যমিক পর্যায়ে ৮ম-১০ম শ্রেণীর শিক্ষার্থীদের সাইবার অপরাধ প্রতিরোধ সংক্রান্ত সচেতনতামূলক সমাবেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। পরিদর্শন ও দর্শনকালীন সময় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে নির্ধারিত শ্রেণী কক্ষে শিক্ষার্থীদের নিয়ে সাইবার অপরাধ প্রতিরোধে আলোচনা করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। সাইবার বুলিং বিষয়ে সাইবার পুলিশ ইনভেস্টিগেশন এর ০১৭৬৯৬৯১৫২২ ও ০১৩২০০৪৬৫০০ নাম্বারে যোগাযোগ করা যাবে এবং সাইবার ক্রাইম প্রতিরোধে পুলিশিং বাইবিট এ যোগাযোগ করতে হবে। বিষয়টি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পুলিশ সুপার, ফেনী<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফেনী<br><br>প্রোগ্রামার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর জেলা কার্যালয়, ফেনী<br><br>জেলা শিক্ষা অফিসার, ফেনী<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ফেনী<br>সহকারী প্রোগ্রামার (সকল) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর উপজেলা কার্যালয়, ফেনী<br>সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল)<br>ফেনী |
| ০৮ | **উপজেলা** পর্যায়ে সাইবার অপরাধ প্রতিরোধ কমিটি গঠন করণ সংক্রান্ত: সাইবার অপরাধ প্রতিরোধে উপজেলা পর্যায়ে কমিটি গঠন করার লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ০১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর ২০ সেপ্টেম্বর ২০২২ তারিখের ৫৬.০০. ০০০০. ০৫৪. ১৮.০০২. ১৯.১৬৯ নং প্রজ্ঞাপন মূলে সাইবার অপরাধ প্রতিরোধে উপজেলা পর্যায় কমিটি গঠন করতে হবে। সভার কার্যবিবরণী আইসিটি শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>সহকারি কমিশনার, আইসিটি শাখা<br>প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর<br>জেলা কার্যালয়, ফেনী<br>সহকারী প্রোগ্রামার(সকল),আইসিটি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ফেনী |

| | | | |
|---|---|---|---|
| ০৯ | **উপজেলা আইসিটি কমিটি গঠন সংক্রান্ত:** সভায় উপজেলা আইসিটি কমিটি গঠন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ০১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ১৪ জুলাই ২০১৯ তারিখের ১১০ নং প্রজ্ঞাপন মূলে উপজেলা আইসিটি বিষয়ক কমিটি/ ফোরাম গঠন করতে হবে। সভার কার্যবিবরণী দ্রুততম সময়ে আইসিটি শাখায় প্রেরণ নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ফেনী<br>সহকারী প্রোগ্রামার (সকল) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর উপজেলা কার্যালয়, ফেনী |
| ১০ | জাতীয় তথ্য বাতায়ন এর সাইবার সিকিউরিটি নিশ্চিতকরণ সংক্রান্ত: | ০১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ০২নং স্মারকপত্রের | উপপরিচালক, স্থানীয় সরকার<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল) |

চলমান পাতা



| | | | |
|---|---|---|---|
| | জাতীয় তথ্য বাতায়নের আওতাভুক্ত সাইটসমূহের সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা হয়। | নির্দেশনা মোতাবেক বর্তমান বাস্তবতার নিরিখে সাইবার সিকিউরিটি নিশ্চিতের লক্ষ্যে স্ব-স্ব দপ্তর কর্তৃক জাতীয় তথ্য বাতায়নে ডুয়াল সিকিউরিটি **2FA (Two Factor Authentication)** সম্পন্ন করে লগইন সিস্টেম চালুকরণ নিশ্চিত করতে হবে। আগামী সভার পূর্বে প্রোগ্রামার এ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করবেন। | জেলা পর্যায় অফিসার(সকল), ফেনী<br>প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর জেলা কার্যালয়, ফেনী<br>সহকারী প্রোগ্রামার (সকল) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মুছাম্মৎ শাহীনা আক্তার
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.২০.৩০০০.০১৪.০৫.০০১.১৭.১৭৯

তারিখ: ৪ চৈত্র ১৪৩০
১৮ মার্চ ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৩) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৪) পুলিশ সুপার, ফেনী
৫) সিভিল সার্জন, ফেনী
৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফেনী
৭) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
৮) অতিরিক্ত জেলা প্রশাসক, রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
৯) অতিরিক্ত জেলা প্রশাসক (অতিরিক্ত দায়িত্ব), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
১০) অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
১১) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
১২) উপজেলা নির্বাহী কর্মকর্তা ফেনী(সকল)
১৩) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ফেনী
১৪) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফেনী
১৫) উপ পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফেনী
১৬) অধ্যক্ষ, ফেনী সরকারি কলেজ, ফেনী
১৭) অধ্যক্ষ, ফেনী সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী
১৮) জেলা মৎস্য কর্মকর্তা, ফেনী
১৯) জেলা তথ্য অফিসার, ফেনী
২০) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, ফেনী
২১) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, ফেনী
২২) সহকারী প্রকৌশলী, বিটিসিএল, ফেনী
২৩) অধ্যক্ষ, , সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ফেনী
২৪) প্রোগ্রামার , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর জেলা কার্যালয়, ফেনী
২৫) প্রধান শিক্ষক , ফেনী সরকারি পাইলট হাই স্কুল ফেনী
২৬) প্রধান শিক্ষক, ফেনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ফেনী
২৭) অধ্যক্ষ, জয়নাল হাজারী কলেজ, ফেনী
২৮) অধ্যক্ষ, কমপেক্ট পলিটেকনিক ইনস্টিটিউট ফেনী
২৯) উদ্যোক্তা , ধর্মপুর ইউনিয়ন ডিজিটাল সেন্টার ফেনী সদর, ফেনী (সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সকল উদ্যোক্তাকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)
৩০) অফিস কপি, /মাষ্টার কপি

শিফাত বিনতে আরা
সহকারী কমিশনার